সংবাদ

তারিখ ... 17 FEB 2009
পৃষ্ঠা ... ১৭ কলাম ... ৫

# ২৭তম বিসিএস
# বঞ্চিতদের অনশন ভাঙালেন শিক্ষামন্ত্রী

২৭তম বিসিএস পরীক্ষায় বঞ্চিতদের অনশন ভাঙিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও পাটমন্ত্রী আবদুল লতিফ সিদ্দিকী কেন্দ্রীয় শহীদ মিনারে যান এবং তাদের অনশন ভাঙান। ২৭তম বিসিএসের প্রথম দফায় উত্তীর্ণ (প্রশাসন ক্যাডার) সারওয়ার আলম সাংবাদিকদের জানান, শিক্ষামন্ত্রীর আশ্বাসের পরিপ্রেক্ষিতে তারা অনশন ভেঙেছেন। বিডিনিউজ।

সারওয়ার আলম দাবি করেন, প্রধানমন্ত্রীর নির্দেশে ২৭তম বিসিএসের প্রথম দফার ফলাফলের ভিত্তিতে বঞ্চিতদের নির্ধারিত ক্যাডার সার্ভিসে নিয়োগ দেয়া হবে বলে

অনশন : পৃ: ২ ক: ৩

## অনশন : ভাঙালেন
(১২ পৃষ্ঠার পর)

শিক্ষামন্ত্রী তাদের আশ্বাস দিয়েছেন।

২৭তম বিসিএসের প্রথম ফলাফলে উত্তীর্ণ এবং দ্বিতীয় ফলাফলে বাতিলরা নিজেদের বঞ্চিত হিসেবে অভিহিত করে সম্প্রতি আন্দোলনে নামেন। তারা গত ৬ ফেব্রুয়ারি কেন্দ্রীয় শহীদ মিনার থেকে কফিন মিছিল বের করেন। গতকাল সোমবার বিকেল ৩টা থেকে তারা শুরু করেন আমরণ অনশন কর্মসূচি।

এর আগে গত নভেম্বরে বাদপড়া প্রার্থীরা অনশনসহ বিভিন্ন কর্মসূচি পালন করেন। সে সময় অনশন ভাঙাতে তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা উপদেষ্টা তাদের বিকল্প পদ্ধতিতে নিয়োগ দেয়ার জন্য কয়েকটি সুপারিশ করেছিলেন। সে অনুযায়ী সরকারের সুশাসন ও জনপ্রশাসন বিষয়ক একটি কমিটি ৩টি সুপারিশ পেশ করে। এর মধ্যে রয়েছে সরকারের বিভিন্ন ক্যাডার সার্ভিসে নতুন পদ সৃষ্টি করা, ২৮ ও ২৯তম বিসিএসে বয়সের সীমাবদ্ধতা শিথিল এবং শূন্যপদে তাদের নিয়োগ দেয়া যায় কি না তা খতিয়ে দেখা। আন্দোলনরত প্রার্থীরা এ সুপারিশ অনুযায়ী তাদের নিয়োগ দেয়ার দাবি জানিয়েছেন প্রধানমন্ত্রীর কাছে।